# জাকসু নির্বাচনে ভোট গণনা স্থগিত, ওএমআর না ম্যানুয়াল—জরুরি বৈঠক




সংগৃহীত ছবি

ওএমআর নাকি ম্যানুয়াল—কোন প্রক্রিয়ায় ভোট গণনা হবে তা নিয়ে জটিলতা দেখা দিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাকসু) নির্বাচনে। এ নিয়ে রিটার্নিং কর্মকর্তাদের জরুরি বৈঠক চলায় আপাতত স্থগিত রাখা হয়েছে ভোট গণনা। এতে শিক্ষার্থী ও প্রার্থীদের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) নির্বাচনের ভোট গণনা কার্যক্রম আপাতত বন্ধ রাখা হয়েছে। মূল জটিলতা তৈরি হয়েছে গণনার পদ্ধতি নিয়ে। আগে থেকেই ওএমআর মেশিনে গণনার ঘোষণা থাকলেও কয়েকটি প্যানেলের আপত্তির কারণে ম্যানুয়ালি ভোট গোনার প্রক্রিয়া শুরু হয়।

শুক্রবার সকালে রিটার্নিং কর্মকর্তারা জরুরি বৈঠকে বসেন। বৈঠক শেষে চূড়ান্ত সিদ্ধান্ত জানানো হবে বলে প্রশাসন জানিয়েছে। তবে বৈঠক চলমান থাকায় বাকি তিনটি হলে ভোট গণনা আটকে গেছে।

শিক্ষার্থী ও প্রার্থীরা বলছেন, ম্যানুয়ালি গণনা করলে ফলাফল নিয়ে বিভ্রান্তি ও অনিয়মের ঝুঁকি বাড়ে। এরই মধ্যে ক্ষোভ ছড়িয়ে পড়েছে ক্যাম্পাসে।

উল্লেখ্য, বৃহস্পতিবার সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোটগ্রহণ চলে। কিন্তু প্রায় ২০ ঘণ্টা পেরিয়ে গেলেও এখনো হল সংসদের ফলাফল প্রকাশ করতে পারেনি নির্বাচন কমিশন।

LENS ASIA